ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১৬-১৭তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩১ ভাদ্র ১৪২৪, ১৫ সেপ্টেম্বর, ২০১৭

জাতির জনকের প্রতিকৃতিতে নতুন উপাচার্যের শ্রদ্ধা জ্ঞাপন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণের পর গত ৭ সেপ্টেম্বর ২০১৭ ধানমন্ডির ৩২নম্বরস্থ বঙ্গবন্ধু জাদুঘরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তাএবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাবি'র নতুন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। গত ৬ সেপ্টেম্বর ২০১৭ আনুষ্ঠানিকভাবে তিনি এই দায়িত্বভার গ্রহণ করেন। এর আগে ২০১৬ সালের ২৩ জুন থেকে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) হিসেবে দায়িত্ব পালন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ২০১৪ সালে কলা অনুষদের ডিন নির্বাচিত হন। উল্লেখ্য, মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩-এর ১১(২) ধারা মোতাবেক সাময়িকভাবে তাঁকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্ব প্রদান করেছেন।

দায়িত্ব গ্রহণকালে এক সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা চান। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে আরও গতিশীল করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১৯৬৪ সালের ১ জুলাই বরগুনা জেলার আজিজাবাদ উপজেলার কালিপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের বি এ অনার্স ও এম এ পরীক্ষায় ১ম স্থান অধিকার করেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা ইন পার্সিয়ান ল্যাঙ্গুয়েজ বিষয়ক পোস্ট-গ্র্যাজুয়েট সম্পন্ন করেন। তিনি ভারতের আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয় থেকে পিএইচ ডি ডিগ্রি অর্জন করেন। যুক্তরাষ্ট্রের বোস্টন কলেজের ফুলব্রাইট স্কলার এবং যুক্তরাজ্যের বার্মিংহাম বিশ্ববিদ্যালয়ের রিসার্চ ফেলো ছিলেন তিনি। ১৯৯০ সালে তিনি ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের লেকচারার হিসেবে কর্মজীবন শুরু করেন। ১৯৯৫ সালের ১৫ জানুয়ারি সহকারী অধ্যাপক, ২০০০ সালের ২ জানুয়ারি সহযোগী অধ্যাপক এবং ২০০৪ সালে তিনি অধ্যাপক পদে পদোন্নতি পান। ২০০৮ থেকে ২০১১ সাল পর্যন্ত তিনি বিভাগীয় চেয়ারম্যান এবং ২০০৭ থেকে ২০১৩ সাল পর্যন্ত কবি জসীম উদদীন হলের প্রাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০৪, ২০০৫ ও ২০০৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এবং ২০০৯ ও ২০১১ সালে সহ-সভাপতি পদে নির্বাচিত হন। তিনি বিভিন্ন মেয়াদে ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য, বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলের সদস্য, প্রধানমন্ত্রীর শিক্ষা-সহায়তা ট্রাস্টের সদস্য, পাঠ্যপুস্তক সংকট নিরসন জাতীয় কমিটির আহ্বায়ক, পাঠ্যপুস্তক মুদ্রণ, বিতরণ পর্যবেক্ষণ ও পরামর্শদান জাতীয় কমিটির আহ্বায়ক, জাতীয় শিক্ষানীতি-২০১০ *(২য় পৃষ্ঠায় দেখুন)

'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভা

জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আইন অনুষদ ছাত্রলীগের উদ্যোগে গত ১৭ আগস্ট ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী।

আলোচনা সভায় প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের শিক্ষামন্ত্রী ও সর্বভারতীয় তৃনমূল কংগ্রেসের মহাসচিব ড. পার্থ চট্টোপাধ্যায়। এতে বিশেষ অতিথি ছিলেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. মিজানুর রহমান, বাংলাদেশ স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এডভোকেট মোল্লা মো. আবু কাউছার, আওয়ামী *(২য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি অধিভুক্ত ৭টি কলেজের মাস্টার্স পরীক্ষা শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি কলেজের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে এমএ, এমএসএস, এমএসসি ও এমবিএস শেষ পর্ব (নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষা ১০ সেপ্টেম্বর ২০১৭ শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা কলেজের পরীক্ষা কেন্দ্র, ইডেন কলেজের পরীক্ষা কেন্দ্র এবং বেগম বদরুন্নেছা কলেজের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় তাঁর সঙ্গে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ, কলেজসমূহের সিনিয়র শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় উপাচার্য সন্তোষ প্রকাশ করেন।

অধিভুক্ত ৭টি কলেজের পরীক্ষার কেন্দ্রসমূহ হলো- শহীদ সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল সরকারী কলেজ, ঢাকা কলেজ, ইডেন কলেজ, বেগম বদরুন্নেছা কলেজ, বাঙলা কলেজ এবং তিতুমীর কলেজ।

পরীক্ষা শেষ হবে আগামী ৩১ অক্টোবর ২০১৭ মঙ্গলবার। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ও যে কোন প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ রয়েছে।

আজ থেকে ১ম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষা শুরু

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন গ্রহণ প্রক্রিয়া গত ২৯ আগস্ট ২০১৭ রাত ১০টায় শেষ হয়েছে। সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ভর্তি আবেদন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে সমাপ্তি ঘোষণা করেন। এসময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন, সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, অনলাইন ভর্তি প্রক্রিয়ার আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশিদসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ভর্তি অফিস সূত্রে জানা যায়, এ শিক্ষাবর্ষে ৫টি ইউনিটের মোট ৭হাজার ১২৩টি আসনের বিপরীতে ২লক্ষ ৭৭ হাজার ৭শত ১৫জন ভর্তিপ্রার্থী অনলাইনের মাধ্যমে আবেদন করেছে। যার মধ্যে ক-ইউনিটের ১হাজার ৭৬৫টি আসনের বিপরীতে ৯১হাজার ১শত ৪৩জন, খ-ইউনিটের ২হাজার ৩৬৩টি আসনের বিপরীতে ৩৩হাজার ১শত ৬৪জন, গ-ইউনিটের ১হাজার ২৫০টি আসনের বিপরীতে ২৯হাজার ৯শত ৫৪জন, ঘ-ইউনিটের ১হাজার ৬১০টি আসনের বিপরীতে ১লক্ষ ৩হাজার ২শত ৮২জন এবং চ-ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে ২০হাজার ১শত ৭২জন আবেদন করেছে।

গ-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর ২০১৭ শুক্রবার, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) ১৬ সেপ্টেম্বর ২০১৭ শনিবার, খ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২২ সেপ্টেম্বর ২০১৭ শুক্রবার, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (অংকন) ২৩ সেপ্টেম্বর ২০১৭ শনিবার, ক-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৩ অক্টোবর ২০১৭ শুক্রবার এবং ঘ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২০ অক্টোবর ২০১৭ শুক্রবার অনুষ্ঠিত হবে।

ব্যাংক সার্ভিস চার্জ ও অনলাইন সার্ভিস ফিসহ নির্ধারিত ভর্তি পরীক্ষার ফি ৩৫০/-(তিনশত পঞ্চাশ) টাকা জমা দেয়ার শেষ তারিখ ছিল ৩০ আগস্ট ২০১৭। 'গ' ও 'চ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ৩০ আগস্ট বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। 'ক', 'খ', 'ঘ' ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ১২ সেপ্টেম্বর বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত ।

উল্লেখ্য, গত ৭ আগস্ট ২০১৭ সোমবার সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন গ্রহণ প্রক্রিয়া উদ্বোধন করেন।

ঢাবি-এ 'কালো দিবস' পালিত

সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক 'চতুর্দিকে ষড়যন্ত্র চলছে' উল্লেখ করে বলেছেন এসব ষড়যন্ত্র মোকাবেলায় শিক্ষক-শিক্ষার্থীসহ সকলকে এখন থেকেই প্রস্তুতি নিতে হবে। কালো দিবস উপলক্ষে গত ২৩ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কারা নির্যাতিত শিক্ষক অধ্যাপক ড. আনোয়ার হোসেন, অধ্যাপক ড. সদরুল আমিন, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর সহ কারা নির্যাতিত একজন ছাত্র, তৃতীয় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি ও ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। আলোচনা সভা পরিচালনা করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান।

উল্লেখ্য, বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে ২৩ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ে কালো দিবস পালিত হয়। দিবসটি পালন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের কালো ব্যাজ ধারণ এবং আলোচনা সভা। প্রসঙ্গত, ২০০৭ সালের ২০ আগস্ট বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ফুটবল খেলা দেখার সময় কতিপয় সেনাসদস্য ছাত্রদের মারধর করেন। এর প্রতিবাদে ছাত্র সমাজ বিক্ষুদ্ধ আন্দোলন গড়ে তোলেন। এ প্রেক্ষিতে তৎকালীন সেনা সমর্থিত সরকার সান্ধ্য আইন জারী করে এবং ২৩ আগস্ট রাতে বিশ্ববিদ্যালয়ের ৪জন শিক্ষক এবং ৮জন ছাত্রকে গ্রেফতার করে নির্যাতন চালায়।

ঢাকা বিশ্ববিদ্যালয় কালো দিবস উপলক্ষে গত ২৩ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের নেতৃত্বে সমিতির সদস্যবর্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-কে গত ১০ সেপ্টেম্বর ২০১৭ ফুলেল শুভেচ্ছা জানান।

গত ৬ সেপ্টেম্বর ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-কে ফুলেল শুভেচ্ছা জানান বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-কে গত ১০ সেপ্টেম্বর ২০১৭ ফুলেল শুভেচ্ছা জানান নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. অহিদুজ্জামান ।

গত ১০ সেপ্টেম্বর ২০১৭ বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করায় অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-কে ফুলেল শুভেচ্ছা জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষকবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-কে ফুলেল শুভেচ্ছা জানান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-কে ফুলেল শুভেচ্ছা জানান।

গত ৯ সেপ্টেম্বর ২০১৭ বঙ্গবন্ধু ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী সভাপতি এ্যাডভোকেট মশিউর মালেকের নেতৃত্বে সংগঠনের কেন্দ্রীয়, মহানগর ও শাখা কমিটির নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানকে ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান। এসময় সংগঠনের সহ-সভাপতি মো: ফেরদৌস আলম, এসএম নজরুল ইসলাম হিরা, রাশিদা হক কনিকা, রফিক উদ্দিন ফরাজী, উত্তম কুমার দাস, নুরুল আলম শাহীন, বেলাল শাহ, এম এ গণি, প্রচার সম্পাদক ইঞ্জি: সাকিল খান, নুরুন নাহার, শারমিন আক্তার ময়না সহ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঢাবি'র নতুন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

(১ম পৃষ্ঠার পর) বাস্তবায়ন কমিটির সদস্য, ন্যাশনাল কারিকুলাম কো-অর্ডিনেশন কমিটির (এনসিসিসি) সদস্য, জার্নাল অব সিরাজুল হক সেন্টার ফর ইসলামিক রিসার্চ এবং জার্নাল অব দি এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ (হিউম্যানিটিজ)-এর সম্পাদনা পরিষদের সদস্য, বাংলাদেশ ইতিহাস পরিষদ পত্রিকা "ইতিহাস"-এর সম্পাদক, এশিয়াটিক সোসাইটি অব বাংলাদেশ-এর কাউন্সিল মেম্বর, বাংলাদেশ ইতিহাস পরিষদ-এর সাধারণ সম্পাদক, আলীগড় ওল্ড বয়েজ এসোসিয়েশন অব বাংলাদেশ-এর সাধারণ সম্পাদক, ইসলাম ও নৈতিক শিক্ষা (ষষ্ঠ-দশম শ্রেণি) পাঠ্যপুস্তকের সম্পাদক, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (নবম-দশম শ্রেণি) পাঠ্যবইয়ের পরিমার্জনকারী এবং বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি বাংলা একাডেমি, বাংলাদেশ এসোসিয়েশন ফর আমেরিকান স্টাডিজ, বাংলাদেশ এসোসিয়েশন ফর ফুলব্রাইট স্কলার্স ও ইন্ডিয়ান হিস্ট্রি কংগ্রেসসহ বিভিন্ন পেশাজীবী সংগঠন ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। দেশ-বিদেশে প্রকাশিত বিভিন্ন জার্নালে তাঁর ৪২টি গবেষণামূলক প্রবন্ধ রয়েছে। তাঁর প্রকাশিত পুস্তকের মধ্যে রয়েছে- মুসলিম ইতিহাসতত্ত্ব, ঢাকা বিশ্ববিদ্যালয় (২০০৮); বাংলাদেশের মুক্তিযুদ্ধ : প্রেক্ষাপট ও ঘটনা (সম্পাদিত), বাংলাদেশ ইতিহাস পরিষদ, ঢাকা (২০০৯); Society and Urbanization in Medieval Bengal, Asiatic Society of Bangladesh (2009); A Quest for Islamic Learning : Essays in Memory of Professor Serajul Haque (edited), Asiatic Society of Bangladesh (2011); প্রবন্ধ সংকলন (সম্পাদিত), ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (২০১১)। অনন্য সাধারণ গবেষণার জন্য ২০০৮ সালে তিনি 'বিচারপতি ইব্রাহিম স্বর্ণপদক' লাভ করেন।

'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনা সভা

(১ম পৃষ্ঠার পর) যুবলীগের প্রেসিডিয়াম সদস্য সিরাজুর ইসলাম মোল্লা। বিদেশী অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের সাবেক পরিবহন মন্ত্রী মদন মিত্র, কলকাতা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের সভাপতি রোমানা আখতার প্রমুখ। সদ্য বিদায়ী উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তার উদ্বোধনী বক্তব্যের শুরুতেই ১৫ আগস্টের মর্মান্তিক ঘটনায় নিহত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যবৃন্দ সহ সকল শহীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন, বঙ্গবন্ধুর আদর্শ আমাদের জীবনে বাস্তবায়ন করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। বঙ্গবন্ধু কোনদিন অন্যায়ের সাথে আপোস করেননি। সততার সাথে জাতীয় রাজনীতিতে অংশগ্রহণ করে ২৪ বছরের ঔপনিবেশিক শোষণ থেকে জাতিকে মুক্তি দিয়েছেন। তৎকালীন উপাচার্য বঙ্গবন্ধুর মতো সাহসিকতা ও সততা নিয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে এগিয়ে যাওয়ার জন্য এই সময়ের শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

আইন অনুষদ ছাত্রলীগের সভাপতি মো. শরিফুর হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশ ছাত্রলীগের সভাপতি সাইফুর রহমান সোহাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি আবিদ আল হাসান, সাধারন সম্পাদক মোতাহার হোসেন প্রিন্স, আইন অনুষদ ছাত্রলীগের সাধারন সম্পাদক তাওহিদ বনি সহ ছাত্রলীগের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

অসাম্প্রদায়িক চিন্তা চেতনার রাজনীতি করতেন সোহরাওয়ার্দী - উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেছেন, হোসেন শহীদ সোহরাওয়ার্দী অসাম্প্রদায়িক চিন্তা চেতনার রাজনীতি করতেন। জাতীয় গণতান্ত্রিক লীগের উদ্যোগে হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী'র ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ৮ সেপ্টেম্বর ২০১৭ এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন, সোহ্‌রাওয়ার্দী অবিভক্ত দুই বাংলাকে নিয়ে গণতান্ত্রিক, ধর্মনিরপেক্ষ, শোষণমুক্ত, স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার স্বপ্ন দেখতেন। তিনি মানবিক গুণাবলীতে উজ্জীবিত দেশপ্রেমিক রাজনীতিবিদ ছিলেন। তিনি আরও বলেন, ১৯৭১ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে আমরা অর্জন করেছি স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ। উপাচার্য সাম্প্রদায়িকতা ও জঙ্গিবাদকে রুখে দিয়ে, মানবতার পক্ষে কাজ করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

এর আগে হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী'র সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধা নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

সাবেক সচিব সিরাজ উদ্দীন আহমেদের সভাপতিত্বে ও জাতীয় গণতান্ত্রিক লীগের সভাপতি এম.এ জলিল এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষক লীগের সাধারণ সম্পাদক এড. খন্দকার শামসুল হক রেজা, বঙ্গবন্ধু গবেষণা পরিষদের সভাপতি লায়ন মো. গনি মিয়া বাবুল, নবীনগর উপজেলা স্বাধীনতাবিরোধী বিচারের উদ্যোক্তা মুক্তিযোদ্ধা মো. আউয়াল মিয়া, জয় বাংলা মঞ্চের সভাপতি মুফতি মাসুম বিল্লাহ, বাংলাদেশ গণতান্ত্রিক মুক্তি আন্দোলনের চেয়ারম্যান আশরাফ আলী হাওলাদার, ঢাকা মহানগর আওয়ামী লীগ নেতা আ.স.ম মোস্তফা কামাল, জাসদ নেতা প্রকৌশলী রেদুয়ান শিকদার প্রমুখ।

ঢাবি 'প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি'র সভা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় 'প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি'র এক সভা গত ৭ সেপ্টেম্বর ২০১৭ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্ব করেন। এতে বিশ্ববিদ্যালয়ের প্রতিটি হলের প্রভোস্ট এবং বিভিন্ন হোস্টেলের ওয়ার্ডেনবৃন্দ উপস্থিত ছিলেন। সভার শুরুতে 'প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি'র সদস্যবৃন্দ নব-নিযুক্ত উপাচার্যকে ফুল দিয়ে বরণ করে নেন এবং শুভেচ্ছা জানান। সভায় প্রভোস্টবৃন্দ বিস্তারিতভাবে হল পরিচালনায় তাঁদের পরামর্শ এবং প্রস্তাবনা তুলে ধরেন। 'প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটি'র সদস্যবৃন্দ অতীতের মত ভবিষ্যতেও দায়িত্বশীলতার সাথে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রভোস্ট এবং হল সংশ্লিষ্ট উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে হল পরিচালনায় ভবিষ্যতে সব ধরণের সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

বঙ্গবন্ধুকে লেখা চিঠি প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক সংসদের উদ্যোগে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত 'প্রিয় বঙ্গবন্ধু' শিরোনামে বঙ্গবন্ধুকে লেখা চিঠি প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৪ আগস্ট ২০১৭ বিশ্ববিদ্যালয় অধ্যাপক আব্দুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়েছে। তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক ও সাংস্কৃতিক সংসদের মডারেটর সাবরিনা সুলতানা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ও প্রতিযোগিতার অন্যতম বিচারক অধ্যাপক মফিজুর রহমান।

তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথির বক্তব্যে বলেন, হত্যাকারীরা বঙ্গবন্ধুকে হত্যা করেই ক্ষান্ত হয়নি, তারা জাতীয় চার নেতাকেও হত্যা করেছে। কালো আইনের মাধ্যমে সংবিধানকে কলংকিত করে বিচার বিলম্বিত করেছে। নানা চড়াই উৎরাই পেরিয়ে বেশ কয়েকজন হত্যাকারীর ফাঁসি হয়েছে, আশাকরি বাকী কয়েকজনকে বিদেশ থেকে এনে তাদের রায়ও কার্যকর করা হবে। উল্লেখ্য, প্রতিযোগিতায় জয়িতা হালদার প্রথম, হৃদ্ধিকা পাল দ্বিতীয় ও যুগ্মভাবে তৃতীয় হয়েছে আজমেরী সুলতানা ও শারমিন জাহান, চতুর্থ হয়েছে তাসলিম হালিম মীম। বিজয়ীদের সার্টিফিকেট, ক্রেস্ট ও উপহার হিসেবে বই প্রদান করা হয়েছে।

সাবেক উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

ইউনেস্কো উপদেষ্টা

ইউনেস্কোর সংস্কৃতি ও উন্নয়ন বিষয়ক উপদেষ্টা ইন্দ্রসেন ভেঙ্কাটাচিলুম গত ১৭ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সুদীপ চক্রবর্তী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা বিশ্বে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় বিভিন্ন দেশের মধ্যে সাংস্কৃতিক সম্পর্ক জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশের সাংস্কৃতিক ঐতিহ্যের উন্নয়ন ও পেশাগত দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে সহযোগিতা প্রদানের ব্যাপারে ইউনেস্কোর উপদেষ্টা আগ্রহ প্রকাশ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারু ও কারুশিল্প, সংগীত, নৃত্য ও সংস্কৃতি বিষয়ক শিক্ষা ও গবেষণার উন্নয়ন নিয়েও তারা মত বিনিময় করেন।

কূটনীতিক প্রতিনিধিদল

স্ক্যান্ডিনেভিয়ান অঞ্চলের ৩ দেশের কূটনীতিকদের একটি প্রতিনিধিদল গত ২৩ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করে। প্রতিনিধিদলের সদস্যরা হলেন ঢাকাস্থ নরওয়ে দূতাবাসের ডেপুটি হেড অব মিশন ট্রুলস জে. জাগার সিনেভাগ, ঢাকাস্থ ডেনমার্ক দূতাবাসের ডেপুটি হেড অব মিশন রেফিকা হাইতা, ঢাকাস্থ সুইডেন দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি হেড ভিগ সোভারলান্ড এবং ঢাকাস্থ ডেনমার্ক দূতাবাসের কমিউনিকেশন অফিসার আনদ্রেস মালমুস রাসমোসেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় স্ক্যান্ডিনেভিয়ান স্টাডি সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ ও ডেনমার্কের আলবুর্গ বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক পিডার ভেং সোবার্গ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং স্ক্যান্ডিনেভিয়ান অঞ্চলের বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এসময় উভয় পক্ষের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী ও সাংস্কৃতিক দল বিনিময়ের ব্যাপারেও আলোচনা করা হয়। তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জঙ্গিবাদমুক্ত বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা ও বিভিন্ন দেশের মধ্যে সাংস্কৃতিক দল বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন।

রোটারি প্রতিনিধিদল

রোটারি ইন্টারন্যাশনাল-এর দক্ষিণ এশিয়ার সমন্বয়কারী তং হাউ হেং ডেভিড-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৪ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- থমাস একুইনাস, মুফিদ ওয়াহিওদি (ইন্দোনেশিয়া), খুশরু দস্তুর, হেনরি কেএইচ তান এবং জনি কেম (সিঙ্গাপুর)। এসময় রোটারি ইন্টারন্যাশনাল ঢাকার গভর্ণর এসএএম শওকত হোসেন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা দক্ষিণ এশিয়া অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নসহ নানা বিষয়ে আলোচনা করেন। দক্ষিণ এশিয়া তথা বিশ্বে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠায় বিভিন্ন দেশের মধ্যে সাংস্কৃতিক সম্পর্ক জোরদারের ওপর তারা গুরুত্বারোপ করেন।

জাপানী কূটনীতিক

ঢাকাস্থ জাপান দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি মাচিকো ইয়ামামুরা গত ২৪ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় দূতাবাসের সাংস্কৃতিক বিশেষজ্ঞ কাজী বুশরা আহমেদ তিথি তার সঙ্গে ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। কূটনীতিক জানান, জাপান সরকার চলতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকজন তরুণ শিক্ষককে ফেলোশিপ প্রদান করতে চায়। তৎকালীন উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য কূটনীতিককে ধন্যবাদ জানান এবং বিশ্ববিদ্যালয়ে নব-প্রতিষ্ঠিত জাপানিজ স্টাডিজ বিভাগের উন্নয়নে জাপান সরকারের সহযোগিতা চান।

শ্রীলংকার অধ্যাপক

শ্রীলংকার সাবারাগামুয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রোহানা পি.এম. গত ২৪ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাস্যুরেন্স সেলের পরিচালক অধ্যাপক শেখ শামীমুল আলম, অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ এবং অধ্যাপক ড. মাহবুব আহসান খান উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং শ্রীলংকার সাবারাগামুয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়।

ভারতের অধ্যাপক

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, খরগপুর-এর পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক অর্ঘ্য তরফদার গত ২৮ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা পদার্থবিজ্ঞান এবং তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিষয়ক উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়ন বিষয়ে মত বিনিময় করেন।

সাবেক উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে আন্তরিক ধন্যবাদ জানান।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি, খরগপুর-এর পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক অর্ঘ্য তরফদার গত ২৮ আগস্ট ২০১৭ সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

রোটারি ইন্টারন্যাশনাল-এর দক্ষিণ এশিয়ার সমন্বয়কারী তং হাউ হেং ডেভিড-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ২৪ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ঢাকাস্থ জাপান দূতাবাসের সেকেন্ড সেক্রেটারি মাচিকো ইয়ামামুরা গত ২৪ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

শ্রীলংকার সাবারাগামুয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রোহানা পি.এম. গত ২৪ আগস্ট ২০১৭ তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

ঢাবি অধিভুক্ত ৭টি সরকারী কলেজের ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার তারিখ ঘোষনা

ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ৭টি সরকারী কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা আগামী ১ ডিসেম্বর ২০১৭ শুক্রবার, ২ ডিসেম্বর শনিবার এবং ৮ ডিসেম্বর শুক্রবার অনুষ্ঠিত হবে। অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হবে ১৬ অক্টোবর ২০১৭ সোমবার। গত ৩০ আগস্ট ২০১৭ বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি সংক্রান্ত এক সমন্বয় সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠিত উক্ত সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, বর্তমান উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, বিশ্ববিদ্যালয় অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক হাসিবুর রশীদ, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ, ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোয়াজ্জাম হোসেন মোল্লাহ, কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক এস এম শফিকুল ইসলাম, ইডেন মহিলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক গায়ত্রী চ্যাটার্জী, সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবু হায়দার আহমেদ নাছের, সরকারি বাঙলা কলেজের অধ্যক্ষ অধ্যাপক মো: ইমাম হোসেন, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ স্বপ্না রানী সাহা এবং সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজের অধ্যক্ষ শেখ আবদুল কুদ্দুস উপস্থিত ছিলেন।

সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয় কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ, বিজ্ঞান অনুষদ এবং বিজনেস স্টাডিজ অনুষদের অধীনে ভর্তি প্রক্রিয়ায় ১ ডিসেম্বর ২০১৭ শুক্রবার অনুষ্ঠিত হবে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষা। ২ ডিসেম্বর ২০১৭ শনিবার অনুষ্ঠিত হবে বাণিজ্য অনুষদভুক্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষা। ৮ই ডিসেম্বর ২০১৭ শুক্রবার অনুষ্ঠিত হবে বিজ্ঞান অনুষদভুক্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের পরীক্ষা।

ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদনের ন্যূনতম যোগ্যতা : বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের বিজ্ঞান শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ৭.০। মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষাবোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ৬.০। ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ এবং বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ৬.৫।

অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হবে ১৬ অক্টোবর ২০১৭ সোমবার এবং সমাপ্ত হবে ১৪ নভেম্বর ২০১৭ মঙ্গলবার।

ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে বিস্তারিত তথ্য পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

চিকনগুনিয়া বিষয়ক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগে 'বাংলাদেশ অনুজীব বিজ্ঞানী সমিতি' এবং 'বাংলাদেশ বিজ্ঞান পরিষদ' এর যৌথ উদ্যোগে "Chikungunya-A Potentially emerging epidemic in Bangladesh" শীর্ষক এক সেমিনার গত ১০ আগস্ট ২০১৭ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনারের উদ্বোধন করেন।

বাংলাদেশ বিজ্ঞান পরিষদের সহ-সভাপতি অধ্যাপক ড. কাজী আবদুল ফাত্তাহ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ অণুজীব বিজ্ঞানী সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. মাহফুজুল হক। সেমিনারে মূল প্রতিপাদ্য নিয়ে বক্তব্য উপস্থাপন করেন অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জামালুন্নেসা। আরও বক্তব্য রাখেন প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক হুমায়ুন রেজা খান, বাংলাদেশ বিজ্ঞান পরিষদের ফেলো মেজর জেনারেল (অবঃ) অধ্যাপক ড. এ এস এম মতিউর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, সমাজের বিভিন্ন ধরণের সমস্যা সমাধানে এগিয়ে আসা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগের শিক্ষক এবং গবেষকদের দায়িত্ব। এই সেমিনারটিও সে ধরণের একটি উদ্যোগ। চিকনগুনিয়ার অস্বাভাবিক পরিস্থিতি প্রতিরোধে সমাজে সচেতনতা সৃষ্টি করার জন্য সেমিনারটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

গণিত সমিতির প্রশিক্ষণ কর্মশালার সমাপ্তি

গণিতকে আকর্ষণীয় করে উপস্থাপন ও এ বিষয়ে দক্ষতা বাড়ানোর লক্ষ্যে বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে ও ক্যাসিওয়ের পৃষ্ঠপোষকতায় গত ১৮ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এ এফ মুজিবুর রহমান গণিত ভবনের রেজাউর রহমান অডিটোরিয়ামে দু'দিনব্যাপী গণিত সমিতির প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালায় অংশগ্রহণকারীদের মাঝে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণ করেন।

কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, বাংলাদেশ গণিত সমিতির সম্পাদক অধ্যাপক ড. মো: শহীদুল ইসলাম, ব্যাকবোন লিমিটেডের সিইও আব্দুল মতিন শেখ, ক্যাসিওয়ের প্রতিনিধি কাইতো মিউওয়া ও প্রোগ্রামের আহ্বায়ক মো: কুতুব উদ্দিন। প্রশিক্ষক হিসেবে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো: মোজহার আলী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের পরিচালক অধ্যাপক মো: এলিয়াস হোসেন প্রমুখ। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক সাজেদা বানু।

যথাযোগ্য মর্যাদায় জাতীয় কবির মৃত্যুবার্ষিকী পালিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় গত ২৭ আগস্ট ২০১৭ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ৪১তম মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে সকাল ৭টায় কলাভবন প্রাঙ্গনস্থ অপরাজেয় বাংলার পাদদেশে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ জমায়েত হন। সেখান থেকে তাঁরা সকাল সোয়া ৭টায় বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে শোভাযাত্রা সহকারে কবির সমাধিতে গমন, পুস্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ করেন।

পরে কবির সমাধি প্রাঙ্গণে সদ্য সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত এক আলোচনা সভায় বর্তমান উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, নজরুল গবেষক ও এমিরিটাস অধ্যাপক ড. রফিকুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. বেগম আকতার কামাল বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী। ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার মো. এনামউজ্জামান কবি নজরুলকে নিয়ে স্বরচিত কবিতা পাঠ করেন। বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের নজরুল সংগীত পরিবেশনা অনুষ্ঠানে ভিন্ন মাত্রা যোগ করে।

সভাপতির বক্তব্যে সদ্য বিদায়ী উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম এই বিশ্ববিদ্যালয়েই শায়িত আছেন, এটি আমাদের সবসময় অনুপ্রাণিত করে। তিনি এমন একজন মানুষ যে শত বঞ্চনার মাঝেও মানবতার জয়গান গেয়েছেন। তিনি আমাদের জাতীয় কবি এবং একইসাথে বিশ্ব মানবতার কবি। আজকে নজরুলকে নিয়ে আমরা যখন কথা বলি তখন নিজেদেরকে প্রশ্ন করতে হবে, নজরুল যে মানবতার কথা বলেছেন আমরা কি সেই মানবতার সাথে আছি নাকি আমরা অমানবিক সব কাজকর্মে লিপ্ত আছি। নজরুল অপরাধ, অপকর্ম আর অন্যায়ের বিরুদ্ধে যে বিদ্রোহ করেছেন আমরা কি সেটি করছি নাকি আমরা নিজেরাই অপকর্ম, দুর্নীতি আর লোভ লালসার সাথে যুক্ত হয়ে যাচ্ছি। এই প্রশ্নগুলো করলে তখন আমাদের নিজেদের ভিতর একটি প্রতিক্রিয়া হবে। তারপর হয়তো আমরা সঠিক পথে নিজেদের পরিচালনা করতে সক্ষম হবো।

খাদ্যে রাসায়নিক সংক্রামক এবং মানবদেহে এর প্রভাব শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের উদ্যোগে “Chemical Contaminants in Food and Their Effect on Human Health” শীর্ষক এক সেমিনার গত ২৪ আগস্ট ২০১৭ মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত হয়েছে।

সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বক্তব্য রাখেন প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান এবং বিশেষ অতিথি হিসেবে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আব্দুল আজিজ, রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: আজিজুর রহমান এবং উচ্চশিক্ষার মান উন্নয়ন প্রকল্প (HEQEP)-এর পরিচালক ড. গৌরাঙ্গ চন্দ্র মহান্ত। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন অধ্যাপক ড. নীলুফার নাহার, অধ্যাপক ড. মোহাম্মদ শোয়েব এবং সহকারী অধ্যাপক মো: কামরুল হাসান।

সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ‘খাদ্যে ভেজাল এবং স্বাস্থ্যে এর প্রভাব’ সংক্রান্ত গবেষণা অত্যন্ত সফলভাবে সমাপ্ত করায় অধ্যাপক ড. নীলুফার নাহার ও তাঁর সহযোগীদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, খাদ্য চাহিদা হচ্ছে একটি মৌলিক চাহিদা। খাদ্যে যদি ভেজাল থাকে, তাহলে মানুষ নানা রোগব্যাধিতে বিশেষ করে ক্যান্সারে আক্রান্ত হয়। তাই আমাদের ১৬ কোটি মানুষের সুস্বাস্থ্যের জন্য ভেজালমুক্ত খাবার নিশ্চিত করতে হবে। খাদ্যবাহিত রোগ প্রতিরোধে খাদ্য নিরাপত্তার ওপর গুরুত্বারোপ করে সাবেক উপাচার্য বলেন, নিরাপদ ও মানসম্পন্ন খাদ্য উৎপাদনের লক্ষ্যে কৃষকদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, বাংলাদেশে উচ্চশিক্ষার উন্নয়ন ও গবেষণায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার সার্বিকভাবে সহায়তা প্রদান করে যাচ্ছে। এ কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন শাখায় সফলভাবে গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ঢাবি শিক্ষার্থীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের মাস্টার্স দ্বিতীয় সেমিস্টারের শিক্ষার্থী রোমানা আক্তার ঝর্ণা জটিল ব্রেইন টিউমারে আক্রান্ত। তার চিকিৎসার জন্য গত ২৮ আগস্ট ২০১৭ উপাচার্য দফতরে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তিন লক্ষ চুরাশি হাজার টাকার একটি চেক রোমানা আক্তার ঝর্ণার বাবা আবদুল খালেকের নিকট হস্তান্তর করেন।

উল্লেখ্য, রোমানা আক্তার ঝর্ণার সহপাঠীরা, ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের ফেসবুক ফ্রেন্ডসার্কেল সদস্যবৃন্দ, স্বেচ্ছাসেবক সংগঠন ‘স্ট্রিট ল্যাম্প’ এবং সাধারণ শিক্ষার্থীরা এই অর্থ সংগ্রহ ও প্রদান করে।

৭ মার্চ ট্রাস্ট ফাউন্ডেশন প্রতিষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হলে ‘৭ মার্চ ট্রাস্ট ফাউন্ডেশন’ প্রতিষ্ঠিত হয়েছে। এই ফাউন্ডেশন প্রতিষ্ঠার লক্ষ্যে রোকেয়া হলের প্রভোস্ট অধ্যাপক ড. নাজমা শাহীন ৫০ লাখ টাকার একটি চেক গত ৩০ জুলাই ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। উল্লেখ্য, হলের বিভিন্ন অভ্যন্তরীণ খাত থেকে এই অর্থ সংগ্রহ করা হয়।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে সাবেক উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিভিন্ন অনুষদের ডিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এবং রোকেয়া হলের আবাসিক শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফাউন্ডেশনের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের স্নাতক সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত রোকেয়া হলের একজন ছাত্রীকে “বঙ্গবন্ধু স্বর্ণপদক” প্রদান করা হবে। এছাড়া, কয়েকজন কৃতী ছাত্রীকে “বঙ্গবন্ধু মেধা বৃত্তি” এবং “বঙ্গবন্ধু ও বাংলাদেশ” শীর্ষক রচনা প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী ৩জন ছাত্রীকে পুরস্কার প্রদান করা হবে।

প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই ফাউন্ডেশন প্রতিষ্ঠার জন্য রোকেয়া হলের প্রভোস্টকে ধন্যবাদ জানান। তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এই ফাউন্ডেশনের মাধ্যমে শিক্ষার্থীরা উপকৃত ও অনুপ্রাণিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

কুয়েত মৈত্রী হলে পুরস্কার বিতরণ, স্বর্ণপদক ও বৃত্তিপ্রদান

বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের ‘বার্ষিক সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং মৈত্রী ফাউন্ডেশন কর্তৃক স্বর্ণপদক ও বৃত্তিপ্রদান’ অনুষ্ঠান গত ২৫ জুলাই ২০১৭ হলের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেধাবী ছাত্রীদের মাঝে স্বর্ণপদক, বৃত্তি প্রদান ও পুরস্কার বিতরণ করেন।

বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুবিনা খোন্দকারের সভাপতিত্বে অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে “মৈত্রীবন্ধনের নবরসে সিক্ত বঙ্গললনা ও গৌড়ীয় নৃত্য” শীর্ষক মৈত্রী ফাউন্ডেশন স্মারক বক্তৃতা প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের রবীন্দ্র অধ্যাপক ড. মহুয়া মুখোপাধ্যায়।

প্রধান অতিথির বক্তব্যের শুরুতেই প্রাক্তন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রতিযোগিতায় স্বর্ণপদক, বৃত্তিপ্রাপ্ত ও সাংস্কৃতিক পর্যায়ে বিজয়ী ছাত্রীদের আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীরা প্রতিবছর মেধার স্বাক্ষর রেখে চলেছে। এটি গর্বের বিষয়। ফলাফলের ভিত্তিতে ছাত্রীরা এগিয়ে যাচ্ছে। শুধুমাত্র একাডেমিক লেখাপড়াই নয় শিক্ষা বহির্ভূত কার্যক্রম খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকান্ডসহ সর্বক্ষেত্রে তারা এগিয়ে রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কথা উল্লেখ করে তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবসময় নারীর ক্ষমতায়ন, শিক্ষা, উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নারীদের অগ্রাধিকার দিয়েছেন। ভবিষ্যতেও তারা আরও এগিয়ে যাবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

২০১৭ শিক্ষাবর্ষে মৈত্রী ফাউন্ডেশনের স্বর্ণপদক পেয়েছেন - মনিরা বেগম (শেষ বর্ষ, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ)। মেধাবৃত্তি লাভ করেছেন- চেতনা ইয়াসমিন (লোকপ্রশাসন বিভাগ), কৃপাকনা তালুকদার (থিয়েটার এন্ড পারফরমেন্স স্টাডিজ বিভাগ), পম্পা রানী মজুমদার (বাংলা বিভাগ) ও মানসূরা আক্তার মৌ (সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট)। সাধারণ বৃত্তি পেয়েছেন- সুমনা আক্তার (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ) ও নাছিমা খাতুন (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) এবং এককালীন বই সাহায্য বৃত্তি পেয়েছেন জয়নাব সালভী (ফিন্যান্স বিভাগ), মাহফুজা খাতুন (ইসলামিক স্টাডিজ বিভাগ)।

ম্যারী কুরী গবেষণা বৃত্তি পেয়েছেন রাশিদা হক

ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের আয়োজনে ‘ম্যারী কুরী গবেষণা বৃত্তি’ পেয়েছেন ২০১৫ সালের এম এস পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থী রাশিদা হক। গত ৬ আগস্ট ২০১৭ বিভাগ মিলনায়তনে এই বৃত্তি প্রদান করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এসময় আরও উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আব্দুল আজিজ, বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ আবদুল কাদির, আইএসপি-এর পরিচালক ও বিভাগের অনারারি অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানী।

সুইডেনের উপসালা বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল সাইন্স প্রোগ্রাম (আইএসপি)-এর জেন্ডার সমতা কার্যক্রমের অংশ হিসেবে ২০১৭-২০১৯-এ তিন বছরের জন্য এই বৃত্তি প্রদান করা হয়। এ বৃত্তির আওতায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী বিভাগে পিএইচ ডি গবেষণার সুযোগ পাবে।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ও মোঃ নজরুল ইসলাম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫